বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৯৭

তারিখঃ ০৯/০৭/১৪৩০ বঙ্গাঃ
২৫/১০/২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্তকৃত), রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা বদলি আদেশাধীন) এর বিরুদ্ধে অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা এর অঃ দাঃ নং-৫৮৪৩ তারিখঃ ১৬/০১/২০২২খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে জনাব মোঃ কামরুল হাসান-এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৪০, তারিখঃ ০৭/০৩/২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন হতে দেখা যায় যে, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৪.১৯.৩১৫.২১.৪০ তারিখঃ ১৩/০১/২০২২ খ্রিঃ মোতাবেক তাকে রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী হতে ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলি করা হলে রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহীর স্মারক নং-পিএফ/১৮৫ তারিখঃ ১৬/০১/২০২২ খ্রিঃ মোতাবেক বদলিকৃত দপ্তর অর্থাৎ ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় যোগদান করার নিমিত্ত ১৬/০১/২০২২ খ্রিঃ তারিখে তাকে অব্যাহতি প্রদান করার পরও তিনি তার বদলিকৃত কর্মস্থল ভোলা পওর বিভাগ-২ এ যোগদান করেননি অর্থাৎ তিনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে গত ১৭/০১/২০২২খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার এরূপ কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরি প্রবিধানমালা ২০১৩ প্রবিধান ৪৮(খ), ৪৮(গ) ও ২ (১৩) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের শামিল।

২। জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্তকৃত), রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা বদলি আদেশাধীন) উপরোক্ত কাজ করে এরূপ আচরণ করেছেন যা অসদাচরণ ও পলায়নের শামিল এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(খ) ও ৪৮(গ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী তার উপর যে কোন দন্ড আরোপযোগ্য।

৩। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন তার ওপর আরোপ করা হবে না উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(ক) মোতাবেক শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৯৯ তারিখঃ ১৫/১১/২০২২ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা তার দাপ্তরিক ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। দাপ্তরিক ঠিকানার পত্রটি ডাক বিভাগের মন্তব্যসহ (প্রাপক বর্তমান ঠিকানা অফিসে জয়েন করে নাই ফেরৎ) ফেরত আসে। স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটির কোন জবাব পাওয়া যায়নি। অভিযোগনামায় ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও তিনি অভিযোগনামায় আনীত অভিযোগের জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-০৯ তারিখঃ ২২/০২/২০২৩ খ্রিঃ মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৪। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ অর্থাৎ তাকে কর্মচারী পরিদপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৪.১৯.৩১৫.২১.৪০ তারিখ ১৩-১-২০২২ খ্রিঃ এর মাধ্যমে রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী হতে ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলির প্রেক্ষিতে, রাজশাহী পওর বিভাগ হতে ১৬/০১/২০২২ তারিখে তাকে অব্যাহতি প্রদান করা হলে তিনি বদলিকৃত দপ্তরে যোগদান না করে গত ১৭/০১/২০২২খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (খ) ও (গ) মোতাবেক অসদাচরণ, ও পলায়নের শামিল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে তার ওপর বাপাউবো'র চাকুরি হতে 'বরখাস্ত' (dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে কেন আরোপ করা হবে না, এ বিষয়ে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) ও ৫২(৬) মোতাবেক কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। এছাড়াও কারণ দর্শানোর নোটিশটি ২টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয় এবং বোর্ডের ওয়েব সাইটেও প্রকাশ করা হয়।

৫। জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্তকৃত), রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা বদলি আদেশাধীন) এর বিরুদ্ধে আনীত তার উপর চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশটি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে তিনি অত্র দপ্তরের ই-মেইলে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। তার কারণ দর্শানো নোটিশের জবাব অভিযোগের সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ তাকে কর্মচারী পরিদপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৪.১৯.৩১৫.২১.৪০ তারিখ ১৩-১-২০২২ খ্রিঃ এর মাধ্যমে রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী হতে ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলির প্রেক্ষিতে, রাজশাহী পওর বিভাগ হতে ১৬/০১/২০২২ তারিখে তাকে অব্যাহতি প্রদান করা হলে তিনি বদলিকৃত দপ্তরে যোগদান না করে অর্থাৎ ১৭/০১/২০২২খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের শামিল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০১/২০২২ খ্রিঃ তারিখ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্তকৃত), রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা বদলি আদেশাধীন) এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকরি হতে 'বরখাস্ত' (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৭। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৫/১০/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৯৭

তারিখঃ ০৯/০৭/১৪৩০ বঙ্গাঃ
২৫ /১০/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী/দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী/ভোলা পওর সার্কেল, বাপাউবো, ভোলা।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাবরক্ষণ পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী/ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা।
৭. সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৯. জনাব মোঃ কামরুল হাসান, (সাময়িক বরখাস্তকৃত) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা। প্রযত্নে- পিতাঃ মোঃ আব্দুল মজিদ খান, হোল্ডিং-৫৭, গ্রামঃ উত্তর বড়গাছা, ডাকঘরঃ নাটোর (৬৪০০), থানাঃ নাটোর সদর, জেলাঃ নাটোর।

২৫/১০/২০২৩

(মোঃ শামীম হোসেন)
উপ-পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নং-৬৯১২১১০০১

ডায়েরী নং ২০৪৩
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব রক্ষক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ৩০/১০/২৩
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

৩০/১০/২০২৩
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।